



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৭/১৬৬৪

তারিখঃ

৩০ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ

১৪ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

জেএসসি পরীক্ষা-২০১৭

কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের জেএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য অনুমোদিত প্রত্যেক কেন্দ্রে কেন্দ্র কমিটি নামে ১৫ (পনেরো) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে আগামী ১৫/১০/২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১। 'কেন্দ্র কমিটি' নিম্নরূপে গঠন করতে হবে

ক) চেয়ারম্যান : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা প্রথম শ্রেণির একজন কর্মকর্তা

২। সদস্যবৃন্দ :

ক) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/ উপজেলা শিক্ষা অফিসার (উপজেলার জন্য)।

খ) কেন্দ্রাধীন বিদ্যালয়প্রধানগণ প্রয়োজনবোধে স্থানীয় মহাবিদ্যালয়সমূহের অধ্যক্ষগণও সদস্য হতে পারবেন।

গ) শিক্ষায় অগ্রহী স্থানীয় ব্যক্তিগণ কেন্দ্র কমিটির চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।

৩। কেন্দ্রসচিব :

কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্রসচিব হবেন। প্রয়োজনে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/কেন্দ্রাধীন স্কুলের দক্ষ, অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষকের ছেলে/মেয়ে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত কোনো কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্রসচিব হতে পারবেন না।

৪। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা :

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। যদি কোনো অনিবার্য কারণে চেয়ারম্যান ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্তব্য পালনে অপারগ হন তাহলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, কোনো বিভাগের কোনো উচ্চপদস্থ কর্মকর্তা যেন কোনো নিম্ন পদস্থ অফিসারের অধীনস্থ না হন।

সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ নিশ্চিত করাই হবে কেন্দ্র কমিটির মূল দায়িত্ব।



পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইলঃ barisalboard@gmail.com

০১। জেলা প্রশাসক

বরিশাল/বালকাঠি/পিরোজপুর/পটুয়াখালী/বরগুনা/ভোলা

০২। উপজেলা নির্বাহী অফিসার

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল উপজেলা